

নকলমুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের বেতনের ১শ' ভাগ দেয়া হবে

ইত্তেফাক রিপোর্ট। গতকাল শুক্রবার বিয়াম মিলনায়তনে ঢাকা শিক্ষা বোর্ডের উদ্যোগে পরীক্ষার নকল বিরোধী এক সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে বক্তৃতাদানকালে শিক্ষামন্ত্রী ডাঃ ওসমান ফারুক আশ্রয় এইচ-সেসি পরীক্ষা নকলমুক্ত পরিবেশে সম্পন্ন করার প্রত্যয় ঘোষণা করে বলেন, নকল করে পরীক্ষায় পাস করার আর কোন সুযোগ নেই। নিরঙ্করমুক্ত জেলার মত আমরা নকলমুক্ত শিক্ষা (২য় পৃঃ ৫-এর কঃ প্রঃ)

নকলমুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের (প্রথম পৃঃ পর)

প্রতিষ্ঠানকে তালিকাভুক্ত করতে চাই। প্রয়োজনে নকলমুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদেরকে বেতনের শতকরা ১০০ ভাগ প্রদান করা হবে। পাশাপাশি নকলপ্রবণ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের আর্থিক সুযোগ-সুবিধা কমিয়ে দেয়া হবে। শিক্ষা প্রতিয়ন্ত্রী আনম এহসানুল হক মিলন সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলম সভায় বক্তৃতা করেন। সভাপতিত্ব করেন ঢাকা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ জুনাইদ।

শিক্ষামন্ত্রী বলেন, আমরা যে কোন মূল্যে পরীক্ষায় নকল প্রতিরোধ করতে চাই। এবার আমরা মন্ত্রীরা পরীক্ষার হল পরিদর্শনে যেতে চাই না। স্ট্রাকচার পরীক্ষায় শিক্ষকরা সঠিক দায়িত্ব পালন করুক এটাই আমাদের প্রত্যাশা।